সমকাল

তারিখ 05 JUN 2016
পৃষ্ঠা ৭ কলাম ৬




প্রাথমিক সমাপনী পরীক্ষা বাতিলের দাবিতে প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ চেয়ে শনিবার ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজের সামনে মানববন্ধন করেন অভিভাবকরা ■ সমকাল

# এ বছরই প্রাথমিক সমাপনী পরীক্ষা বাতিলের দাবি

■ সমকাল প্রতিবেদক

এ বছর থেকেই প্রাথমিক সমাপনী পরীক্ষা বাতিলের দাবি জানিয়েছেন অভিভাবকরা। গতকাল শনিবার ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজের সামনে এক মানববন্ধনে তারা এ দাবি জানান।

অভিভাবকরা বলেন, প্রাথমিক সমাপনী পরীক্ষা শিক্ষার্থীদের ওপর শারীরিক ও মানসিক চাপ ছাড়া আর কিছুই নয়। এ পরীক্ষা চালুর মাধ্যমে শিক্ষার মানোন্নয়ন হয়নি; বরং শিক্ষার বাণিজ্যিকীকরণ ত্বরান্বিত করা হয়েছে। তারা বলেন, সরকার এরই মধ্যে সমাপনী পরীক্ষা বাতিলের সিদ্ধান্ত নিয়েছে। শিশুর মানসিক বিকাশে এ বছর থেকেই তা কার্যকর করার দাবি জানান অভিভাবকরা।